তথ্য ও গণসংযোগ বিভাগ
INFORMATION AND PUBLIC RELATIONS DIVISION

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

**প্রেস রিলিজ**

তারিখ: ০৯ আগস্ট ২০২৬

# জুলাই গণ-অভ্যুত্থানের চেতনায় বৈষম্যহীন ও মানবিক বাংলাদেশ গড়তে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে- বাউবি উপাচার্য

বাংলাদেশের ইতিহাসে জুলাই গণ-অভ্যুত্থান একটি তাৎপর্যপূর্ণ অধ্যায়। এ অভ্যুত্থান দেশের তরুণ প্রজন্মের গণতন্ত্র, ন্যায়, সাম্য ও বৈষম্যহীন সমাজ প্রতিষ্ঠার আকাঙ্ক্ষার প্রতিফলন। জুলাই গণ-অভ্যুত্থানের চেতনা ধারণ করে একটি মানবিক, গণতান্ত্রিক, ন্যায়ভিত্তিক ও বৈষম্যহীন বাংলাদেশ গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করেছেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান।

মূল প্রবন্ধে বাউবি উপাচার্য জুলাই গণ-অভ্যুত্থানের পটভূমি, তাৎপর্য ও এর সামাজিক-রাজনৈতিক প্রভাব তুলে ধরেন। তিনি বলেন, জুলাই গণঅভ্যুত্থানের দ্বিতীয় বর্ষপূর্তি উপলক্ষে আয়োজিত এই সেমিনারে উপস্থিত হতে পেরে তিনি আনন্দিত ও গর্বিত। তিনি বলেন, জুলাই গণঅভ্যুত্থান বাংলাদেশের ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ অধ্যায়, যা মানুষের গণতান্ত্রিক আকাঙ্ক্ষা, অধিকার, ন্যায়বিচার ও পরিবর্তনের প্রত্যাশাকে নতুনভাবে প্রকাশ করেছে।

তিনি বলেন, এই চেতনা ধারণ করে একটি বৈষম্যহীন, মানবিক ও ন্যায়ভিত্তিক বাংলাদেশ গড়ে তুলতে শিক্ষক, শিক্ষার্থী ও নাগরিক সমাজকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। শিক্ষাপ্রতিষ্ঠান শুধু জ্ঞান অর্জনের কেন্দ্র নয়; বরং সমাজ ও রাষ্ট্রের কল্যাণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনকারী প্রতিষ্ঠান। বিশ্ববিদ্যালয়গুলোকে মুক্তচিন্তা, যুক্তিবোধ, মানবিক মূল্যবোধ ও গণতান্ত্রিক চর্চার বিকাশে অগ্রণী ভূমিকা রাখতে হবে।

বাউবি উপাচার্য বলেন, দেশের সর্বস্তরের মানুষের কাছে শিক্ষার সুযোগ পৌঁছে দিয়ে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় বৈষম্যহীন সমাজ বিনির্মাণে কাজ করে যাচ্ছে। জুলাই গণঅভ্যুত্থানের চেতনা ধারণ করে দক্ষ, মানবিক ও দেশপ্রেমিক নাগরিক তৈরিতে বাউবি তার কার্যক্রম আরও জোরদার করবে। তিনি আশা প্রকাশ করেন, আগামী বাংলাদেশ হবে জ্ঞান, মানবিকতা ও গণতান্ত্রিক মূল্যবোধে সমৃদ্ধ একটি দেশ। আজ রোববার (০৯ আগস্ট) ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের আয়োজনে আরসি মজুমদার আর্টস অডিটোরিয়ামে অনুষ্ঠিত 'জুলাই গণ-অভ্যুত্থান ২০২৪' শীর্ষক আলোচনা সভায় মূল প্রবন্ধ উপস্থাপনকালে তিনি এসব কথা বলেন।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম। সভাপতিত্ব করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আবুল কালাম সরকার।

সভায় শিক্ষক, গবেষক, শিক্ষাবিদ ও বিভিন্ন শ্রেণি-পেশার প্রতিনিধিরা অংশগ্রহণ করেন। আলোচনায় জুলাই গণ-অভ্যুত্থানের ঐতিহাসিক গুরুত্ব, এর চেতনা সংরক্ষণ এবং ভবিষ্যৎ প্রজন্মের কাছে এর তাৎপর্য তুলে ধরার বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়।

মোঃ জাহাঙ্গীর হোসেন পাইক
যুগ্ম-পরিচালক
মোবাইলঃ ০১৭১৪৫০৫৭৪৭